

ভোয়ের কাগজ

তারিখ 22 DEC 2002
পৃষ্ঠা - ৯

পরীক্ষার্থীরা লাঞ্চিত হওয়ার অভিযোগ

গাইবান্ধায় ২ শতাধিক পিটিআই পরীক্ষার্থীর পরীক্ষা বর্জন

গাইবান্ধা প্রতিনিধি : ভারপ্রাপ্ত সুপার কর্তৃক একজন পরীক্ষার্থী লাঞ্চিত হওয়ার অভিবাদে গাইবান্ধা পিটিআই-এর ফাইনাল পরীক্ষাদানুরত দু'শতাধিক পরীক্ষার্থী গত বৃহস্পতিবার পরীক্ষা বর্জন করেছেন। তারা ই-টু-পাটকেনল নিষ্ক্ষেপ করে প্রতিষ্ঠানের সুপারের কক্ষ ভাঙচুর করে এবং টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে দেয়। ম্যাজিস্ট্রেট ও পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে পরীক্ষার্থীরা শহরে একটি প্রতিবাদ মিছিল বের করে।

বৃহস্পতিবার সি-ইন-এড পরীক্ষা শুরু হলে ভারপ্রাপ্ত সুপার নকল করাকে কেন্দ্র করে পরীক্ষার্থীরা জাহানারা বেগমকে লাঞ্চিত করে। এর প্রতিবাদ করতে গিয়ে দাসিমা খাতুন ও আমজাদ হোসেন নামে অপর দুই পরীক্ষার্থীও উক্ত সুপারের হাতে অপমানিত হয়। তবে জেলা প্রশাসক বরাবরে দায়েরকৃত অভিযোগে পরীক্ষার্থীরা জাহানারা খাতুন নাম ও রোল নম্বর লেখার সময় উক্ত পরীক্ষার্থীকে লাঞ্চিত করা হয়।